

দুটি সন্তানের বেশী নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- পপঅ/প্রশা-১/নিয়োগ-৪৫৮/২০১৮/ ৫৪৪

তারিখ ২৪ ফাল্গুন, ১৪২৪
০৬ মার্চ, ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৪/১২/২০১৩খ্রিঃ তারিখের ৪৫.১৬৯.০১১.০০.০০.০২০.২০১৩-৩১১ এবং ১২/০৫/২০১৪খ্রিঃ তারিখের ৪৫.১৬৯.০১১.০০.০০.০২০.২০১৩-১৭৪ নম্বর স্মারকে জারীকৃত ছাড়পত্র এবং

২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৩০/০৪/২০১৫ খ্রিঃ তারিখের ৪৫.১৬৯.০১৬.০০.০০.০২০.২০১৩-১৫৪, ২৭/১২/২০১৫ খ্রিঃ তারিখের ৪৫.১৬৯.০১৬.০০.০০.০২০.২০১৩-৪৪১, এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর ০৮/১০/২০১৭ খ্রিঃ তারিখের ৫৯.০০.০০০০. ১১০.১১.০১৫.১৭-১৭৩ নম্বর স্মারকে ছাড়পত্রের মেয়াদ ৩০ জুন, ২০১৮ পর্যন্ত বর্ধিত করার পরিপ্রেক্ষিতে,

৩। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০২/০৬/২০১৪ খ্রিঃ তারিখের পপঅ/প্রশা-১/নিয়োগ-২২২/২০১৪/১২৮০ নম্বর স্মারকে জারীকৃত প্রশিক্ষণার্থী মনোনয়ন বিজ্ঞপ্তি, ০১/০৬/২০১৬ খ্রিঃ তারিখের পপঅ/প্রশা-১/৩য়-৪র্থ/নিয়োগ-২৬৫/২০১৫/ ১২৯১, ১২৯২, ১২৯৩, ১২৯৪, ১২৯৫, ১২৯৬, ১২৯৭, ১২৯৮, ১২৯৯, ১৩০০, ১৩০১, ১৩০২, নম্বর স্মারকে জারীকৃত প্রশিক্ষণার্থী মনোনয়নের আদেশনামা এর প্রেক্ষিতে ;

(ক) পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান (FWVTI) ঢাকা, বগুড়া, টাঙ্গাইল, দিনাজপুর, সিলেট, রাজশাহী, রাজশাহী, কুষ্টিয়া, খুলনা, ফরিদপুর, বরিশাল এবং কুমিল্লায় ১৮(আঠার) মাস ব্যাপি মৌলিক প্রশিক্ষণ সফলভাবে সম্পন্নকারী প্রশিক্ষণার্থীদের বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ঢাকা কর্তৃক গৃহীত চূড়ান্ত পরীক্ষার ফলাফল ০৪/০২/২০১৮ খ্রিঃ তারিখের বিএনএমসি/২০১৮-৬৮ নম্বর স্মারকে প্রকাশ করা হয়েছে। উক্ত চূড়ান্ত পরীক্ষায় ৪৩৮(চারশত আটত্রিশ) জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন।

(খ) বিভাগীয় নির্বাচন কমিটির ০৭/০৩/২০১৮ খ্রিঃ তারিখের সভায় রাজস্বখাতভুক্ত পরিবার কল্যাণ পরিদর্শিকার ৪৩৮টি শূন্য পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১৪ নম্বর গ্রেডে ১০২০০-২৪৬৮০/- টাকা বেতনক্রমে জনবল নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি জারীর সিদ্ধান্তের প্রেক্ষিতে ;

(গ) ১৮ মাসের মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণার্থীগণকে নিয়োগের নিমিত্ত পরিচালক (প্রশাসন) বরাবর আবেদনপত্রসহ নিম্নবর্ণিত তারিখ ও সময় সূচি অনুযায়ী পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ এর দপ্তরে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হ'ল।

সাক্ষাৎকারের সময়সূচী

ক্রঃ নং	তারিখ ও বার	সময়	বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক প্রদত্ত রোল নম্বর	প্রার্থীর সংখ্যা
১	২৭/০৩/২০১৮, মঙ্গলবার	সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত	৬০০০০১ হতে ৬০০২১৯ পর্যন্ত	২১৯
২	২৮/০৩/২০১৮, বুধবার	সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত	৬০০২২০ হতে ৬০০৪৩৮ পর্যন্ত	২১৯

(ঘ) প্রশিক্ষণে উত্তীর্ণ প্রার্থীদের আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা আবশ্যিক :

(I) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।

(II) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি।

(III) বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ সংক্রান্ত মূল সনদপত্র অথবা সাময়িক সনদপত্র অথবা নম্বরপত্রের ফটোকপি।

(IV) পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান (FWVTI) কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের ফটোকপি।

(V) ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

(VI) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(VII) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (যদি থাকে)।

(VIII) মুক্তিযোদ্ধা পোষ্য ও অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি।

চলমান পাতা-০২

৪। আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্রের মূল কপি সাক্ষাৎকারের সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

(মোঃ রমজান আলী)
যুগ্মসচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ও

পরিচালক (প্রশাসন) এবং
সভাপতি

৩য় ও ৪র্থ শ্রেণি বিভাগীয় নির্বাচন কমিটি

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা
- ৩। পরিচালক (এমআইএস), এ অধিদপ্তর। উক্ত বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৫। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ রংপুর বিভাগ।
- ৬। পরিচালক, মোহাম্মদপুর ফার্মাসিউটিক্যাল সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার, মোহাম্মদপুর, ঢাকা।
- ৭। তত্ত্বাবধায়ক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা।
- ৮। রেজিস্টার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০।
- ৯। মহিলা সহকারী সার্জন, এমসিএইচ ইউনিট, বরিশাল/রাজশাহী।
- ১০। সহকারী সার্জন, মা ও শিশু কল্যাণ কেন্দ্র, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ১১। অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, (সকল).....
বিজ্ঞপ্তির বিষয়টি প্রশিক্ষণে উত্তীর্ণদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
- ১২। বেগম বৈশাখী চৌধুরী, সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, এ অধিদপ্তর (ডিজিএফপির ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।
- ১৪। নোটিশ বোর্ড, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।

বিজ্ঞপ্তিটি আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।